

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 10.10.2024

Time: 7.50 P.M

বিশেষ বিশেষ খবর –

- ১/ শারদীয় দুর্গোৎসবের আজ সপ্তমী। সপ্তমী বিহিত পুজোর পরেই তিথি অনুযায়ী অষ্টমী শুরু হয়ে গেছে। রাত পেরোলেই ভোরে মহাষ্টমী ও সন্ধিপুজো। # মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের ভিড় উপচে পড়ছে। সর্বত্র উৎসবের মেজাজ।
- ২/ RG Kar কাণ্ডে ধর্মতলায় অনশনরত চিকিৎসকদের আন্দোলন ‘বেআইনী’ উল্লেখ করে কলকাতা পুলিশ তাঁদের জায়গা ছাড়ার আবেদন জানিয়েছে। # ন্যায় বিচারের দাবীতে আজ’ও মিছিল শুরু হলে পুলিশ তাদের মন্ডপে ঢুকতে বাধা দেয়।
- ৩/ বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎপ্রকাশ নাড্ডা, আজ একদিনের সফরে কলকাতায় আসেন। # RG Kar কাণ্ডের তীব্র সমালোচনা করে তিনি বলেন, কেন্দ্রের তিন অ্যাডভাইসারি, রাজ্য সরকারের মেনে চলা উচিত।
- ৪/ পুজোর মধ্যেই দক্ষিণবঙ্গের আট জেলায় ১২৫ টি জায়গা ভাঙনের কবলে পড়েছে।
- ৫/ পূর্ব বর্ধমানের শক্তিগড়ে আজ এক সড়ক দুর্ঘটনায় এক মহিলা ও তাঁর মেয়ের মৃত্যু হয়েছে। ডাক্তার স্বামী গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি।

শারদীয় দুর্গোৎসবের আজ সপ্তমী। ভোরে নব পত্রিকার স্নান ও নব পত্রিকা স্থাপনের মধ্য দিয়ে সপ্তমী পূজো শুরু হয়। সম্পন্ন হয় সপ্তমী বিহিত পূজা'ও।

(সপ্তমীর ঢাক)

দৃকসিদ্ধ পঞ্জিকা মতে তিথি অনুযায়ী আজই মহাষ্টমী শুরু হয়ে গেছে। রাত পেরোলেই ব্রাহ্মমূহূর্তে মহাষ্টমী পূজো শুরু। তারপরেই সম্পন্ন হবে সন্ধি পূজো। মন্ডপে মন্ডপে এখন উপচে পড়া ভিড়। সর্বত্রই উৎসবের মেজাজ। উৎসব নিরাপদ রাখতে পুলিশ'ও অতিরিক্ত নজরদারি চালাচ্ছে।

শহর কলকাতায় উত্তর থেকে দক্ষিণ, পূব থেকে পশ্চিম- সর্বত্রই পূজো মন্ডপে দর্শনার্থীদের ঢল নেমেছে। সাবেকিয়ানার পাশাপাশি থিমের অভিনবত্ব, শিল্প ভাবনায় মন্ডপ সজ্জা, প্রতিমা আলোকসজ্জার মধ্য দিয়ে গোটা বাংলা এখন শারদোৎসবে মাতোয়ারা। একটি বিশেষ প্রতিবেদন- (ভিসি- অভিরূপ)

গতকালের বৈঠকে কোন সমাধান সূত্র বেরোয়নি বলে দাবি করার পরে বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসক ও চিকিৎসা কর্মীদের নিরাপত্তা এবং সুরক্ষায় নেওয়া কাজ কতদূর এগিয়েছে তা জানতে চেয়ে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা আবার রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। মুখ্য সচিব মনোজ পন্থকে আজ ই-মেইল করে লেখা চিঠিতে এই বিষয়ে চিকিৎসকরা রাজ্য সরকারের কাছে রিপোর্ট চেয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

অন্যদিকে ধর্মতলায় আমরণ অনশনরত চিকিৎসকদের আন্দোলন বেআইনি উল্লেখ করে কলকাতা পুলিশ তাদের জায়গা ছাড়ার জন্য আবেদন জানিয়ে চিকিৎসার সাহায্য গ্রহণ করার কথা বলে চিঠি দিয়েছে। হেয়ার স্ট্রিট থানা থেকে জুনিয়র চিকিৎসকদের দেওয়া চিঠিতে এই বিষয়ে তাদের প্রয়োজনীয় আইনি সহায়তা দেওয়া হবে বলেও উল্লেখ করা হয়েছে।

আর জি করে নির্যাতিতার ন্যায় বিচার এবং স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতির প্রতিবাদে ডোরিনা ক্রসিং-এ জুনিয়ার ডাক্তারদের অনশন কর্মসূচী ১১৩ ঘন্টা পেরিয়ে গেছে।

এরই মধ্যে আজ বিকেলে অনশনমঞ্চে পৌঁছয় হেয়ার স্ট্রিট থানার পুলিশ। সাত জুনিয়ার ডাক্তারকে চিঠি দিয়ে বলা হয়েছে, প্রশাসনের অনুমতি না নিয়েই গত ৫-ই অক্টোবর থেকে মঞ্চ বেঁধে অনশন কর্মসূচী চালানো হচ্ছে। সামনে লাগানো বোর্ড থেকে তা' পরিষ্কার যে চিকিতসকদের শারীরিক অবস্থার অবনতি হচ্ছে। সেক্ষেত্রে তাদের এই জায়গা ছেড়ে চিকিতসার সাহায্য নিতে অনুরোধ জানানো হয়। স্বাস্থ্য দপ্তরকেও বিশেষ চিকিৎসক দল পাঠাবার অনুরোধ জানানো হয়েছে ঐ চিঠিতে।

যদিও চিঠি প্রসঙ্গে আন্দোলনকারীদের দাবী, পুলিশ হাতে চিঠি ধরিয়ে ধর্গাস্থল ছেড়ে দিতে বলেছে। বিষয়টিকে ভালোভাবে নিতে তারা নারাজ।

ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার্স ডক্টর্স ফ্রন্টের 'অভয়া পরিক্রমা'র দ্বিতীয় দিনেও আজ জুনিয়ার ডাক্তারদের পুলিশী বাধার মুখে পড়তে হয়। ধর্মতলায় পুলিশের ব্যারিকেড ঠেলে সরিয়ে চাঁদনী চক মেট্রো স্টেশনের সামনে দ্বিতীয় ব্যারিকেড ঠেলে মিছিলে অংশগ্রহণকারীরা এগোতে থাকেন। ডাক্তারদের সঙ্গে বহু সাধারণ মানুষকেও মিছিলে অংশ নিতে দেখা যায়। বিভিন্ন পূজা মন্ডপ ঘুরে ন্যায় বিচারের দাবী তুলবেন বলে তাঁরা আগেই জানিয়েছেন। কাঁসর ঘন্টা বাজিয়ে জাস্টিস-এর শ্লোগান ওঠে মিছিল থেকে।

(শ্লোগান)

গতকাল দক্ষিণ কলকাতার একটি পূজো মন্ডপে 'জাস্টিস ফর আর জি কর' শ্লোগান দেওয়ার জন্য পুলিশ ৯ জনকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধেও প্রতিবাদ জানানো হয়। মিছিল, কলকাতা বিশ্ববিদ্যালয়ের পেছনের রাস্তায় পৌঁছানোর পরই পুলিশ ব্যারিকেড করে আটকে দিলে দু'পক্ষের মধ্যে তুমুল বাকবিতণ্ডা শুরু হয়। পূজো মন্ডপের ভেতরে এতো মানুষ ঢুকলে সমস্যা হতে পারে বলে কলেজ স্কোয়ার পূজো কমিটির উদ্যোক্তারা জানিয়ে দেন। ন্যায় বিচারের দাবীতে তাঁদের এই শান্তি মিছিল বলে প্রতিবাদকারীরা পুলিশকে জানায়।

RG Kar কাণ্ডে আন্দোলনরত ডাক্তারদের সঙ্গে রাজ্য সরকারকে দ্রুত আলোচনায় বসার আবেদন জানিয়েছেন, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। সাধারণ মানুষ যাতে ঠিকমতো স্বাস্থ্য পরিষেবা পায়, সেবিষয়েও রাজ্য সরকারকে সজাগ ও সতর্ক থাকতে হবে বলে শ্রী সরকার মন্তব্য করেছেন।

বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎপ্রকাশ নাড্ডা, আজ একদিনের সফরে কলকাতায় আসেন।

বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান বিজেপির রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এবং দলের রাজ্য নেতৃত্ব। সেখান থেকে তিনি সরাসরি বেলুড় মঠ পরিদর্শন করে পূজো দেন।

এরপর তিনি কলকাতার সন্তোষ মিত্র স্কোয়ারে দুর্গাপূজো দর্শন করেন। দুপুরে শ্রী নাড্ডা কলকাতার উপকণ্ঠে নিউটাউনে একটি বেসরকারি হোটেলে বাংলা ধ্রুপদী ভাষার মর্যাদা পাওয়া উপলক্ষে আয়োজিত ‘বাংলা এখন ধ্রুপদী ভাষা’ শীর্ষক অনুষ্ঠানে যোগ দিয়ে বলেন-

(বাইট- নাড্ডা/ বাংলা ভাষা)

RG Kar-এর ঘটনার তীব্র নিন্দা করে তিনি বলেন, সরকারি হাসপাতালে একজন মহিলা চিকিৎসকের সুরক্ষা না থাকলে, সাধারণ মহিলাদের পরিস্থিতি কি হতে পারে, তা’ সহজেই অনুমান করা যায়। আর কি কর কাণ্ডের পর কেন্দ্র যে তিনটি অ্যাডভাইসারি ঘোষণা করেছে, রাজ্য সরকারের তা’ মেনে চলা উচিত।

(বাইট- নাড্ডা- RG Kar)

পূজোর মধ্যেই দক্ষিণবঙ্গের আট জেলায় একসঙ্গে ১২৫টি জায়গা ভাঙনের কবলে পড়েছে। এবার ভাঙনের দৈর্ঘ্য ১০ হাজার মিটারের বেশি। গত দু’দশকের মধ্যে এমন নদী ভাঙন দেখা যায়নি বলে রাজ্যের সেচ দফতর জানিয়েছে। বিভাগীয় মন্ত্রী মানস ভূঁইয়া বলেন, ইতিমধ্যে ৪৯টি জায়গায় বিপন্ন বাঁধ মেরামতের কাজ পুরোদমে শুরু করা হয়েছে। দুই জায়গায় কাজ শেষ হয়েছে। ত্রাণের কাজ চালিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। রাজ্য সরকার সূত্রের খবর, ডিভিসি পাঁচ লক্ষ কিউসেক জল ছাড়ায় সর্বাধিক

ভাঙনের ঘটনা ঘটেছে হুগলি জেলায়। এখানে খানাকুল ১ ও ২, পুরশুড়া ও আরামবাগে মোট ৪২টি জায়গায় ভাঙন হয়েছে। পশ্চিম মেদিনীপুরের দাসপুর ১, চন্দ্রকোনা ১, ডেবরা, কেশপুর, ঘাটাল মিলিয়ে মোট ৩৪টি জায়গায় ভাঙনের ঘটনা ঘটেছে। হাওড়ার উদয়নারায়ণপুর, আমতা ২ এবং বাগনান ১ ব্লকে ভাঙন হয়েছে মোট ৩০টি জায়গায়। পূর্ব মেদিনীপুর, বীরভূম, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান এবং বাঁকুড়াতেও বাঁধ ভেঙে যাওয়ার খবর রয়েছে।

পূর্ব বর্ধমানের শক্তিগড়ে ১৯ নম্বর জাতীয় সড়কে আজ এক দুর্ঘটনায় এক মহিলা ও তাঁর মেয়ের মৃত্যু হয়েছে। ডাক্তার স্বামী গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি।

কলকাতার শম্ভুনাথ পন্ডিত হাসপাতালের শিশু চিকিৎসক কিশলয় বিকাশ নায়েক স্ত্রী ও কন্যাকে নিয়ে বর্ধমানে শ্বশুরবাড়ি যাওয়ার সময় তাঁর গাড়ি আমড়া-য় নিয়ন্ত্রণ হারিয়ে ডিভাইডারে ধাক্কা মারে। সেখানেই মা ও মেয়ের মৃত্যু হয়। ডাক্তার নায়েক নিজেই গাড়ি চালাচ্ছিলেন।

পশ্চিম মেদিনীপুরের দাসপুরের পুরুষোত্তমপুরে, একটি পরিবারের পুজো চলাকালীন প্রায় ৩৫০ বছরের পুরানো একটি দোতলা মাটির বাড়ি আজ বিকেলে হঠাৎই ভেঙে পড়ে। স্তূপের মধ্যে চাপা পড়ে যান, শ্যামল রায় নামে ঐ পরিবারের এক সদস্য। পরে তাকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়।

দক্ষিণ কোরিয়ার হ্যান ক্যান এবছরের সাহিত্যে নোবেল পুরস্কার পাচ্ছেন। ৫৩ বছর বয়সী লেখিকা হ্যান ক্যান তাঁর কাব্যময় গদ্য ও মানব জীবনের ভঙ্গুর অস্তিত্ব ও যন্ত্রণাদীর্ঘ ইতিহাস রচনার জন্য এই পুরস্কার পাচ্ছেন বলে নোবেল কমিটি জানিয়েছে। এরা আগে ‘ভেজিটেরিয়ান’ উপন্যাসের জন্য তিনি বুকার পুরস্কার পান।
